



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২২১১৯১২৯৭২৬১/৬৩৮ /মৌলভীবাজার-৪৪

তারিখঃ ১৪.০৭.২০১৯খ্রি.

বিষয়ঃ- কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার জেলার সদর উপজেলাধীন মাইজপাড়া দাখিল মাদ্রাসার সুপার সভাপতি মনোনয়নসহ ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য আবেদন করেন। আবেদনের কাগজপত্র ও সুপারের ব্যাখ্যা যাচাই করে দেখা যায় সভাপতি মো: আব্দুল খালিক চিকিৎসার জন্য দেশের বাহিরে থাকায় ভারপ্রাপ্ত সভাপতি মো: ছিদ্দিকুর রহমান (অভিভাবক সদস্য) দ্বারা ম্যানেজিং কমিটির নির্বাচন কার্যক্রম সম্পন্ন করে বোর্ডে প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর ৩৫(২) অনুযায়ী সভাপতির অনুপস্থিতিতে সংশ্লিষ্ট সদস্য সচিব ও শিক্ষক সদস্যগণ ব্যতীত উপস্থিত অন্য সদস্যগণের মধ্য হইতে উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠের সমর্থনে কোন সদস্যের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হবে মর্মে বিধান রয়েছে কিন্তু প্রবিধানমালার কোথাও ভারপ্রাপ্ত সভাপতি কিংবা সহ-সভাপতি দ্বারা কমিটির নির্বাচন কার্যক্রম সম্পন্ন করার বিধান উল্লেখ নেই।

বর্ণিত অবস্থায় বিধিবহির্ভূত ভাবে কেন সভাপতির অনুমোদন না নিয়ে ভারপ্রাপ্ত সভাপতি দ্বারা ম্যানেজিং কমিটি গঠন করা হয়েছে তার ব্যাখ্যা পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:  
সুপার  
মাইজপাড়া দাখিল মাদ্রাসা, সদর, মৌলভীবাজার।



নং-বামাশিবো/প্রশা/২২১১৯১২৯৭২৬১/

/মৌলভীবাজার-৪৪

তারিখঃ .০৭.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, মৌলভীবাজার।
২. জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার।
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, মৌলভীবাজার।
৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবস্থতির জন্য)।
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪